

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নম্বর-২৭৬-আইন/২০২৪।—সরকার, The Commissions of Inquiry Act, 1956 এর section 3 এ প্রদত্ত ক্ষমতাবলে, বিগত ৩ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ মোতাবেক ১৪ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নম্বর ২৭৪- আইন/২০২৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

- (ক) ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত “গত ১৬ জুলাই ২০২৪ তারিখে দেশের বিভিন্ন স্থানে সংঘটিত ঘটনায় ০৬ (ছয়) জন নিহত হওয়া এবং সাম্প্রতিক সময়ে সংঘটিত” শব্দগুলি, সংখ্যাগুলি এবং চিহ্নের পরিবর্তে “গত ১৬ জুলাই, ২০২৪ তারিখ হইতে ২১ জুলাই, ২০২৪ তারিখ পর্যন্ত দেশের বিভিন্ন স্থানে কোটা-বিরোধী আন্দোলনের নামে সংঘটিত ঘটনায় মৃত্যু,” শব্দগুলি, সংখ্যাগুলি, কমাগুলি এবং চিহ্নগুলো প্রতিস্থাপিত হইবে;
- (খ) অনুচ্ছেদ ২ এর উপ-অনুচ্ছেদ (ক) এ উল্লিখিত “গত ১৬ জুলাই ২০২৪ তারিখে নিহত ০৬ (ছয়) জন ব্যক্তির” শব্দগুলি, সংখ্যাগুলি এবং চিহ্নের পরিবর্তে “গত ১৬ জুলাই, ২০২৪ তারিখ হইতে ২১ জুলাই, ২০২৪ তারিখ পর্যন্ত নিহত ব্যক্তিগণের” শব্দগুলি, সংখ্যাগুলি, কমাগুলি এবং চিহ্নগুলো প্রতিস্থাপিত হইবে এবং প্রান্তিক্ষিত “এবং” শব্দ বিলুপ্ত হইবে;

(২২৫০৯)

মূল্য : টাকা ৪.০০

- (গ) অনুচ্ছেদ ২ এর উপ-অনুচ্ছেদ (খ) এ উল্লিখিত “সাম্প্রতিক” শব্দের পরিবর্তে “গত ১৬ জুলাই, ২০২৪ তারিখ হইতে ২১ জুলাই, ২০২৪ তারিখ পর্যন্ত” শব্দগুলি, সংখ্যাগুলি এবং কমাগুলি প্রতিস্থাপিত হইবে এবং প্রাপ্তস্থিত “।” দাঁড়ি চিহ্নের পরিবর্তে “; এবং” সেমিকোলন এবং শব্দ প্রতিস্থাপিত হইবে;
- (ঘ) অনুচ্ছেদ ২ এর উপ-অনুচ্ছেদ (খ) এর পর নিম্নরূপ নৃতন উপ-অনুচ্ছেদ (গ) সংযোজিত হইবে:—
- “(গ) গত ১৬ জুলাই, ২০২৪ তারিখ হইতে ২১ জুলাই, ২০২৪ তারিখ পর্যন্ত কোটা-বিরোধী আন্দোলনের নামে সংঘটিত সহিংসতা, নাশকতা, অগ্নিসংযোগ, লুটপাট ও সন্ত্রাসী কর্মকাণ্ডের ঘটনায় বিভিন্ন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান, সরকারি কোম্পানি, সংবিধিবন্ধ কর্তৃপক্ষ ও কর্পোরেশন এবং বেসরকারি প্রতিষ্ঠানের সম্পত্তির ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণ।”।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব